বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষন ও মানব
সম্পদ উন্নয়ন এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড,ঢাকা-১২০৫।

নম্বর ৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১.৩ তারিখ: ১৬ মাঘ ১৪২৯
৩০ জানুয়ারি ২০২৩

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) পরিবীক্ষন কমিটি " এর ২০২২-২৩ অর্থ-বছরের ৩য় ত্রৈমাসিক সভা আয়োজন প্রসঙ্গে।**

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) পরিবীক্ষন কমিটি " এর ২০২২-২৩ অর্থ-বছরের ৩য় ত্রৈমাসিক সভা আগামী ০২/০২/২০২৩ খ্রিঃ রোজ বৃহস্পতিবার সকাল ১০.৩০ ঘটিকায় অতিঃ প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন মহোদয়ের কক্ষে (পানি ভবন, লেভেল-১, রুম-১০৭) অনুষ্ঠিত হবে। এতে সভাপতিত্ব করবেন উক্ত কমিটির আহ্বায়ক জনাব মোঃ ওয়াহিদ হোসেন; অতিঃ প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো, ঢাকা। সঞ্চালনা করবেন কমিটির সদস্য-সচিব জনাব টি. এম. রাশিদুল কবীর; তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। উক্ত কমিটির সদস্যবৃন্দদের যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

<u>**সভার আলোচ্যসুচিঃ**</u>

০১. বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) হালনাগাদকরন।

০২. মাঠ পর্যায়ে বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) প্রদর্শণ।

০৩. বিবিধ।

৩০-১-২০২৩
মোঃ ওয়াহিদ হোসেন
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর);প্রশিক্ষণ ও
মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো, ঢাকা ও

ফোকাল পয়েন্ট কর্মকর্তা; বাপাউবো সেবা
প্রদান প্রতিশ্রুতি
ফোন: ০২-২২২২৩০০২২
ইমেইল: ctsd.bwdb@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাপাউবো সেবা প্রদান প্রতিশ্রুতি।

২) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাপাউবো, ঢাকা।

৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ইনস্টিটিউট, ভাগ্যকুল, বাপাউবো, মুন্সিগঞ্জ।

৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

৫) সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।(বিজ্ঞপ্তিটি বাপাউবো'র ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে আপলোডের অনুরোধ জানানো হলো)।

৬) সহকারী প্রোগ্রামার, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

৭) ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

৮) অফিস কপি।

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিঃ প্রধান প্রকৌশলীর দপ্তর
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
পানি ভবন, লেভেল-১
৭২, গ্রীন রোড, ঢাকা।
ফোন ঃ +৮৮ ০২ ২২২২৩০০২২

www.bwdb.gov.bd

OFFICE OF THE ADD. CHIEF ENGINEER
TRAINING & HR DEVELOPMENT
PANI BHABON, Level-1
72, GREEN ROAD, DHAKA.
PHONE +88 02 222230022
e-mail : ctsd.bwdb@gmail.com


নম্বর ৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১.৫৭; তারিখঃ ০৫ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিঃ।

**বিগত ০২/০২/২৩ খ্রিঃ তারিখে সকাল ১০.৩০ ঘটিকায় অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো মহোদয়ের কক্ষে অনুষ্ঠিত ২০২২-২৩ অর্থ বছরের বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) পরিবীক্ষণ কমিটি" এর ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরনী।**

বিগত ০২/০২/২৩ খ্রিঃ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো মহোদয়ের কক্ষে ২০২২-২৩ অর্থ বছরের বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) পরিবীক্ষণ কমিটি" এর ৩য় ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কমিটির আহবায়ক জনাব মোঃ ওয়াহিদ হোসেন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর, প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাপাউবো, ঢাকা। সভার উপস্থিতি তালিকা *সংযুক্তি-০১*। সভার শুরুতে সভাপতি মহোদয় বাপাউবো'র সিটিজেন চার্টারে বর্ণিত সেবাসমূহের বিষয়ে আলোকপাত করেন এবং মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ এ অত্র অর্থ-বছরের জন্য বর্ণিত কার্যক্রমের ব্যাপারে মতামত উপস্থাপন করেন। অতঃপর কমিটির সদস্য সচিব, জনাব টি,এম,রাশিদুল কবীর, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) মহোদয় বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) হালনাগাদকরণের ব্যাপারে তাঁর বক্তব্য উপস্থাপন করেন। এসময়ে তিনি মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ এ অত্র অর্থ-বছরের জন্য বর্ণিত কার্যক্রমগুলো সময়মত ও যথাযথভাবে বাস্তবায়নের জন্য বাপাউবো'র জোন/অঞ্চল সমূহের প্রধান প্রকৌশলী বরাবর একটি তাগিদপত্র প্রেরণের বিষয়ে গুরুত্বারোপ করেন। অতঃপর সভাপতি মহোদয় বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) তে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের দাপ্তরিক মোবাইল নম্বর, সেবা প্রদানের সময়সীমার ক্ষেত্রে মাসের পরিবর্তে কার্যদিবস ব্যবহার এবং কোনো প্রদত্ত সেবার নির্দিষ্ট ফরম বা পত্র থাকলে তা ডাউনলোডের লিংক বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতিতে অন্তর্ভুক্তকরনের বিষয়টি উপস্থাপন করেন। অত্র কমিটির সদস্য জনাব মোঃ সাফিউল হুদা খান, তত্ত্বাবধায়ক প্রকৌঃ, বাপাউবো প্রশিক্ষণ ইনস্টিটিউট, ভাগ্যকূল, মুন্সিগঞ্জ মহোদয় বাপাউবো'র মাঠ পর্যায়ে দপ্তরসমূহের দৃশ্যমান স্থানে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) প্রদর্শণের ব্যাপারে তাঁর মতামত উপস্থাপন করেন এবং এর অংশ হিসেবে তাঁর নিজ দপ্তর অর্থাৎ বাপাউবো প্রশিক্ষণ ইনস্টিটিউট, ভাগ্যকূল, মুন্সিগঞ্জ এ বাপাউবো'র হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) স্থাপনের ব্যাপারে প্রতিশ্রুতি প্রদান করেন। কমিটির সকল সদস্য বিষয়টিতে একমত পোষন করেন। এছাড়া পূর্ববর্তী ত্রৈমাসিকের বৈঠকের গৃহীত কার্যক্রমের অনুসরন ও অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা হয়। উল্লিখিত বিষয় সমূহের উপর আলোচনা শেষে সকল সদস্যের সম্মতিক্রমে কমিটি নিম্নবর্ণীত সিদ্ধান্ত গ্রহণ করে।

[ অপর পৃষ্ঠা দ্রষ্টব্য ]

গৃহীত সিদ্ধান্তসমূহঃ

১। বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) তে বর্ণিত সেবাসমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের দাপ্তরিক মোবাইল নম্বর, সেবা প্রদানের সময়সীমার ক্ষেত্রে মাসের পরিবর্তে কার্যদিবস ব্যবহার এবং বাপাউবো'র ওয়েবসাইটে প্রদেয় সেবার জন্য সরকার/বাপাউবো কর্তৃক নির্ধারিত ফরম আপলোডপূর্বক তার ডাউনলোড লিংক সেবা প্রদান প্রতিশ্রুতির নির্দিষ্ট সেবায় অন্তর্ভুক্ত করতে হবে।

২। বাপাউবো প্রশিক্ষণ ইনস্টিটিউট, ভাগ্যকূল, মুন্সিগঞ্জ এবং সেচ সম্প্রসারন প্রশিক্ষণ কেন্দ্র, বারাদি, কুষ্টিয়া তে দৃশ্যমান স্থানে বাপাউবো'র হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

৩। মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ এ অত্র অর্থ-বছরের জন্য বর্ণিত কার্যক্রমগুলো সময়মত ও যথাযথভাবে বাস্তবায়নের জন্য বাপাউবো'র জোন/অঞ্চল সমূহের প্রধান প্রকৌঃ/অতিঃ প্রধান প্রকৌঃ বরাবর একটি তাগিদপত্র প্রেরণ করতে হবে।

আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৫/২/২৩

(মোঃ ওয়াহিদ হোসেন)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
বাপাউবো, ঢাকা।
ও আহ্বায়ক, উক্ত কমিটি।

নম্বর ৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১.৫৭/১(৭); তারিখঃ ০৫ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিঃ।

বিতরন (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)ঃ

০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য-সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), বাপাউবো প্রশিক্ষণ ইনস্টিটিউট, ভাগ্যকূল, মুন্সিগঞ্জ ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (কার্যবিবরনীটি বোর্ডের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে আপলোডের জন্য অনুরোধ জানানো হলো)।
০৪। সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৫। সহকারী প্রোগ্রামার, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।
০৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
০৭। অফিস কপি/মাস্টার কপি।

০৫/০২/২৩

(মোঃ মঈনুল ইসলাম)
সহকারী পরিচালক (প্রশাসন)
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
বাপাউবো, ঢাকা।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

"সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) পরিবীক্ষণ কমিটি" এর ২০২২-২৩ অর্থ বছরের ৩য় ত্রৈমাসিক সভা

তারিখঃ ০২ ফেব্রুয়ারি, ২০২৩ ইং।

স্থানঃ অতিঃ প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন মহোদয়ের কক্ষ (পানি ভবন, লেভেল-১, রুম-১০৭)

হাজিরা বিবরনী

| নাম ও পদবী | অফিস | স্বাক্ষর |
|---|---|---|
| বি, এম, আমিনুল হক<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী | প্রসেসিং পরিদপ্তর | [signature] |
| মোঃ মাহমুদ হাসান<br>নির্বাহী প্রকৌশলী | প্রসেসিং পরিদপ্তর | [signature] |
| মোঃ ওয়াহিদ হোসেন<br>অতিঃ প্রধান প্রকৌঃ | প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন | [signature] |
| মোঃ সাইফুল ইসলাম<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী | প্রকৌশল প্রশিক্ষণ ইনস্টিটিউট, [illegible] | [signature] |
| সমিত কুমার দাস<br>সহকারী প্রোগ্রামার | কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর | [signature] |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |